সংবাদ

তারিখ 27 AUG 2007
পৃষ্ঠা - ১২ কলাম ১

পাসের হার ও জিপিএ-৫ বেড়েছে সিলেট বোর্ডে

প্রতিনিধি, সিলেট,

এবারের এইচএসসি পরীক্ষার ফলাফলে সিলেট শিক্ষা বোর্ড অতীতের সব রেকর্ড ভঙ্গ করেছে। এবারের পাসের হার শতকরা ৬৫ দশমিক ৯৮। এবার জিপিএ-৫ পেয়েছে ৩১৪ জন। যা বোর্ডের সর্বোচ্চ রেকর্ড। গত বছরে পাসের হার ছিল ৬৫ দশমিক ৪৫ ভাগ এবং জিপিএ-৫ পেয়েছিল ১৫৪ জন। গত বারের তুলনায় এবার পাসের হার ০ দশমিক ৫৩ ভাগ এবং ১৬০টি জিপিএ-৫ বেশি।

এবার বোর্ডের মোট পরীক্ষার্থী ছিল ১৭ হাজার ২০৫ জন। এর মধ্যে অংশগ্রহণ করে ১৬ হাজার ৯৭২ জন। এর মধ্যে উত্তীর্ণ হয়েছে ১১ হাজার ১৯৮ জন। উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে ছাত্র ৫ হাজার ৬৫৫ জন এবং ছাত্রী ৫ হাজার ৫৪৩ জন।

বিভাগভিত্তিক বোর্ডে সর্বোচ্চ ভাল করেছে ব্যবসা শিক্ষা বিভাগের শিক্ষার্থীরা। তাদের পাসের হার শতকরা ৭৬ দশমিক ৪৩ ভাগ। যা গত বছরের চেয়ে ১ দশমিক ৬৪ ভাগ কম। গত বছর এই বিভাগে বোর্ডের পাসের হার ছিল ৭৮ দশমিক ১ ভাগ। এছাড়া এবার মানবিক বিভাগের শিক্ষার্থীরাও বিজ্ঞান বিভাগের চেয়ে এগিয়ে রয়েছে। মানবিকে পাসের হার ৬৪ দশমিক ৩৬ এবং বিজ্ঞান বিভাগে ৬৩ দশমিক ৭৯। তবে মানবিক বিভাগে গতবারের তুলনায় এবারের পাসের হার কমলেও বিজ্ঞান বিভাগে পাসের হার বেড়েছে। গত বছর

হার : পৃঃ ২ কঃ ৮

হার : বেড়েছে

মানবিক বিভাগে পাসের হার ছিল ৬৪ দশমিক ৬৯ এবং বিজ্ঞান বিভাগে পাসের হার ছিল ৫৯ দশমিক ৩২।

বোর্ডে বিজ্ঞান বিভাগে পরীক্ষার্থী ছিল ৩ হাজার ৮৬৮ জন। এর মধ্যে পাস করেছে ২ হাজার ৪৩৬ জন। পাসের হার ৬৩ দশমিক ৭৯। মানবিক বিভাগে পরীক্ষার্থী ছিল ১০ হাজার ৮৫৩ জন। এর মধ্যে পাস করেছে ৬ হাজার ৮৮১ জন। পাসের হার ৬৪ দশমিক ৩৬। ব্যবসা শিক্ষা বিভাগে পরীক্ষার্থী ছিল ২ হাজার ৪৮৪ জন। এর মধ্যে পাস করেছে ১ হাজার ৮৮১ জন। পাসের হার ৭৬ দশমিক ৪৩।

বরিশালে পাসের হার ৫৫.৬৩ জিপিএ-৫ পেয়েছে ২১১ জন

জেলা বার্তা পরিবেশক, বরিশাল

এবারের এইচএসসি পরীক্ষায় বরিশাল শিক্ষা বোর্ডে ৫৫ দশমিক ৬৩ শতাংশ পরীক্ষার্থী পাস করেছে। পরীক্ষায় অংশ নিয়েছিল ২৩,৫৮৯ জন। আর উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা ১৩ হাজার ১৭৮ জন। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে মাত্র ২১১ জন।

শিক্ষা বোর্ডের অধীনে ৬টি জেলার ২৪৫টি কলেজে মোট ২৪ হাজার ২৬৭ জন পরীক্ষার্থী থাকলেও পরীক্ষায় অংশ নেয় ২৩ হাজার ৬৮৯ জন। উত্তীর্ণ ছাত্রদের মধ্যে বাণিজ্য বিভাগে ৭০ দশমিক ৩৯ ভাগ, বিজ্ঞান বিভাগে ৫৭ দশমিক ৮১ ভাগ ও মানবিক বিভাগে ৪৮ শতাংশ পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে।

বাণিজ্য বিভাগে ৬ হাজার ৬৯০ জন পরীক্ষার্থীর মধ্যে ৪ হাজার ৭০৯ জন, বিজ্ঞান বিভাগে ৩ হাজার ১৫৫ জন পরীক্ষার্থীর মধ্যে ১ হাজার ৮২৪ জন এবং মানবিক বিভাগে ১৩ হাজার ৮৪৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৬ হাজার ৬৪৫ জন উত্তীর্ণ হয়েছে। অন্যদিকে বিজ্ঞান বিভাগে ১৩৬ জন, বাণিজ্য বিভাগে ৫০ জন, মানবিক বিভাগে ২৫ জন জিপিএ-৫

হার : পৃঃ ২ কঃ ৮

হার : পাসের

(১২ পৃষ্ঠার পর)

পেয়েছে। এছাড়া এ গ্রেড পেয়েছে বাণিজ্য বিভাগে ১ হাজার ১৬৩ জন, মানবিক বিভাগে ৭১১ জন ও বিজ্ঞান বিভাগে ৫৪৬ জন পরীক্ষার্থী।

বরিশাল জেলার ৭৬টি কলেজে পাসের হার ৫৯ দশমিক ৬২ শতাংশ, বরগুনা জেলার ২৫টি কলেজে পাসের হার ৫৯ দশমিক ৪৬ শতাংশ, পিরোজপুর জেলার ৩৪টি কলেজে পাসের হার ৫৮ দশমিক ১১ শতাংশ, পটুয়াখালী জেলার ৫৪টি কলেজে পাসের হার ৫৫ দশমিক ১৩ শতাংশ। ঝালকাঠি জেলার ২১টি কলেজে পাসের হার ৪৭ দশমিক ৬৪ শতাংশ ও ভোলা জেলার ৩৫টি কলেজে পাসের হার ৪৫ দশমিক ০১ শতাংশ পরীক্ষার্থী পরীক্ষায় উত্তীর্ণ হয়।

চট্টগ্রাম বোর্ডে এগিয়ে মফস্বলের পরীক্ষার্থীরা

● পাসের হার ৬১.৩৬, জিপিএ-৫ ৯১১

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এবারের এইচএসসি পরীক্ষায় সর্বমোট ৩৭ হাজার ৪১৪ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ২২ হাজার ৭৫৯ জন। এবার এই বোর্ডে পাসের শতকরা হার ৬১ দশমিক ৩৬ ভাগ। জিপিএ-৫ পেয়েছে ৯১১।

এদিকে এবার চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এ পরীক্ষায় নগরীর কলেজগুলোর চেয়ে মফস্বল এলাকার পরীক্ষার্থীরা ভাল করেছে বলে বোর্ড কর্তৃপক্ষ জানিয়েছে। মহানগরীতে এবার পাসের হার শতকরা ৭০ দশমিক ৪০ ভাগ এবং জেলায় এ পাসের হার ৫২ দশমিক ৩৮ ভাগ।

বোর্ড সূত্রে জানা যায়, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এবারের এইচএসসি পরীক্ষায় মোট ৩৭ হাজার ৪১৪ জন পরীক্ষার্থীর মধ্যে মোট উপস্থিতির সংখ্যা

বোর্ডে : পৃঃ ২ কঃ ৭

বোর্ডে : এগিয়ে

(১২ পৃষ্ঠার পর)

ছিল ৩৭ হাজার ৯২ জন এবং পাস করেছে ২২ হাজার ৭৫৯ জন। এদের মধ্যে বিভিন্ন বিভাগ থেকে ছাত্র পাসের হার ৬০ দশমিক ৯৭ ভাগ এবং ছাত্রী পাসের হার ৬১ দশমিক ৮২ ভাগ। এছাড়াও এবার বিজ্ঞান বিভাগ থেকে ৭ হাজার ৭৭২ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৪ হাজার ৭৪৩ জন এবং পাসের শতকরা হার ৬১ দশমিক ০৩ ভাগ। মানবিক বিভাগে ১১ হাজার ৫৭০ জন পরীক্ষার্থীর মধ্যে পাস করেছে ৬ হাজার ১৩৪ জন এবং পাসের শতকরা হার ৫৩ দশমিক ০২ ভাগ। বাণিজ্য বিভাগে এবার পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১৭ হাজার ৭৫০ জন। এদের মধ্যে পাস করেছে ১১ হাজার ৮৮২ জন এবং এ বিভাগে পাসের শতকরা হার ৬৬ দশমিক ৯৪ ভাগ।

এদিকে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. মুজিবুল আলম চৌধুরী 'সংবাদ'কে বলেন, এবার চট্টগ্রাম বিভাগে নগরীর কলেজগুলোর চেয়ে মফস্বল এলাকার কলেজগুলো অন্যান্যবারের তুলনায় ভাল করেছে।